

আঞ্জুমান রিদওয়ান রহমান টেকনিক্যাল ইন্সটিটিউট

(আঞ্জুমান মুফিদুল ইসলাম কর্তৃক পরিচালিত)
৬৪/ক, আর কে মিশন রোড, পোস্ট অফিস : ওয়ারী,
থানা : ওয়ারী, ঢাকা-১২০৩।
Email : amiti_2015@yahoo.com

স্মারক নং-আঞ্জু/ভোক/২০১২/ছাত্রভর্তি/বেসিক/৫৫/১৮৮৯

তারিখ : ০২/১১/২০২৩ খ্রিঃ

জানুয়ারি-জুন, ২০২৪ সেশনে জাতীয় দক্ষতামান বেসিক ট্রেড শিক্ষাক্রমে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

আঞ্জুমান রিদওয়ান রহমান টেকনিক্যাল ইন্সটিটিউটে জানুয়ারি-জুন, ২০২৪ সেশনে জাতীয় দক্ষতামান বেসিক ট্রেড শিক্ষাক্রমে নিম্ন লিখিত ট্রেডসমূহে ভর্তির জন্য এতিম, অসহায় ও দুঃস্থ ছেলেমেয়েদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১. ট্রেড ও আসন সংখ্যা :

ক্রঃ নং	ট্রেডের নাম	আসন সংখ্যা	ক্রঃ নং	ট্রেডের নাম	আসন সংখ্যা
০১	ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং (মেয়েদের জন্য)	৩০	০৩	জেনারেল ইলেকট্রিশিয়ান (ছেলেদের জন্য)	৩০
০২	রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং (ছেলেদের জন্য)	৩০			

২. ভর্তি সংক্রান্ত সময়সূচী :

কার্যাদি	তারিখ ও সময়
আবেদনপত্রের ফরম বিতরণ ও গ্রহণ	১২ নভেম্বর, ২০২৩ হতে ০৪ জানুয়ারী, ২০২৪ খ্রিঃ পর্যন্ত (সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিন ব্যতিত), অফিস চলাকালীন সময়।
ভর্তি পরিক্ষা (মৌখিক)	০৭ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা
ভর্তিযোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	০৭ জানুয়ারি ২০২৪
ভর্তি	০৮ জানুয়ারি-১০ জানুয়ারি ২০২৪
ক্লাশ আরম্ভের সম্ভাব্য তারিখ	১০ জানুয়ারি ২০২৪ খ্রিঃ (বিকাল ২.৩০ মিনিট)।

৩. ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

৩.১। ভর্তির সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা :

(ক) ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ও জেনারেল ইলেকট্রিশিয়ান ট্রেডের জন্য - অষ্টম শ্রেণী / জেএসসি / জেডিসি পাশ।

(খ) রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডের জন্য - এস.এস.সি অথবা সমমান পরীক্ষায় এ্যাপিয়ার্ড।

৩.২। ভর্তিচ্ছু প্রার্থীদের ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে বয়স ন্যূনতম ১২ (বার) বছর ও অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর হতে হবে।

৩.৩। ভর্তিচ্ছু প্রার্থীদেরকে অধ্যক্ষের কার্যালয় হতে নির্ধারিত সময়ের মধ্যে “ভর্তির আবেদনপত্রের ফরম” ও “আর্থিক অবস্থা যাচাই সূচক” (Indicator) ফরম সংগ্রহ করতে হবে।

৩.৪। প্রার্থীকে আবেদন পত্র জমা দেয়ার সময় আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/নম্বরপত্রের সত্যায়িত কপি, ৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং পূরণকৃত আর্থিক অবস্থা যাচাই সূচক(Indicator) ফরম সংযুক্ত করতে হবে।

৩.৫। যে ট্রেডে অধ্যয়ন করতে ইচ্ছুক তা পছন্দের ক্রমানুসারে নিজ হাতে আবেদন পত্রের নির্দিষ্ট ছকে উল্লেখ করতে হবে।

৩.৬। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত ভর্তি ফরম যথাযথ পূরণ করে জমা দিয়ে ভর্তি হতে হবে।

(মির্জা আবদুল হাই)

অধ্যক্ষ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। অধ্যক্ষ, আঞ্জুমান মোখলেছুর রহমান পলিটেকনিক ইন্সটিটিউট।
- ২। প্রধান শিক্ষক, আঞ্জুমান জামিলুর রহমান ইসলামিয়া জুনিয়র হাই স্কুল।
- ৩। প্রধান শিক্ষক, আঞ্জুমান রায়হানা মাহবুব নিম্নমাধ্যমিক বিদ্যালয়।
- ৪। সুপারিনটেনডেন্ট, নয়াদোলা আঞ্জুমান মুফিদুল ইসলাম ভোকেশনাল ইন্সটিটিউট।
- ৫। ডিউটি অফিসার, সেবাকেন্দ্র, আঞ্জুমান মুফিদুল ইসলাম, কাকরাইল/গেভারিয়া/মুগদাপাড়া/ফার্মগেট, ঢাকা।
- ৬। হোম সুপার বালক/বালিকা এতিমখানা, আঞ্জুমান মুফিদুল ইসলাম।
- ৭। নোটিশ বোর্ড অত্র ইন্সটিটিউট।
- ৮। সংশ্লিষ্ট নথি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক কারিগরি ও সাধারণ শিক্ষা কমিটি, আঞ্জুমান মুফিদুল ইসলাম
- ২। সম্মানিত সকল সদস্য, মাধ্যমিক কারিগরি ও সাধারণ শিক্ষা কমিটি, আঞ্জুমান মুফিদুল ইসলাম।
- ৩। নির্বাহী পরিচালক, আঞ্জুমান মুফিদুল ইসলাম।
- ৪। যুগ্ম পরিচালক (প্রশাসন), আঞ্জুমান মুফিদুল ইসলাম।
- ৫। উপ-পরিচালক (হিসাব/সেবা/আইটি), আঞ্জুমান মুফিদুল ইসলাম।

(মির্জা আবদুল হাই)
অধ্যক্ষ